উপজেলা পরিষদ
বালাগঞ্জ, সিলেট

## মে/২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের ৩৪ তম সাধারণ সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মো: মোস্তাকুর রহমান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালাগঞ্জ,সিলেট
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, বালাগঞ্জ, সিলেট
সভার তারিখ ও সময়: ১৬ মে ২০২২ সকাল : ১১.৩০ ঘটিকা

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং 'খ' দ্রস্টব্য)

সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন। সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিভাগের নাম | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| বিগত সভার কার্যবিবরণি পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণি ধারাবাহিকভাবে পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>সিদ্ধান্ত : বিগত সভার কার্যবিবরণির কোন সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, বালাগঞ্জ, সিলেট |
| স্থানীয় সরকার বিভাগ (ইউনিয়ন পরিষদ) | উপজেলা নির্বাহী অফিসার, বালাগঞ্জ সভায় নিয়মিত ইউনিয়ন পরিষদের সাধারণ সভা করে সভার কার্যবিবরণি যথাসময়ে প্রেরণ নিশ্চিত করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন।<br>সিদ্ধান্ত : যথাযথভাবে নোটিশ দিয়ে মাসে একবার ইউনিয়ন পরিষদের সাধারণ সভা করে সভার কার্যবিবরণি স্বাক্ষরিত হওয়ার পরবর্তী চৌদ্দ দিনের মধ্যে ইউনিয়ন পরিষদের সকল সিদ্ধান্ত উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা প্রশাসকের নিকট ইউপি চেয়ারম্যানগণ কর্তৃক প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ইউপি চেয়ারম্যান (সকল) |
| বিগত সভা হতে এ পর্যন্ত প্রাপ্ত পরিপত্র/ সার্কুলার | কোন সার্কুলার /পরিপত্র পাওয়া যায়নি। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী |
| উপজেলা কমিটির সুপারিশ পর্যালোচনা | এপ্রিল/২০২২ মাসে উপজেলা কমিটির (স্থায়ী কমিটি) কোন প্রকল্প প্রস্তাব বা সুপারিশ নেই। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ সংশ্লিষ্ট সকল |
| উপজেলা পরিষদের উপদেষ্টা তথা মাননীয় সংসদ সদস্যের সুপারিশ পর্যালোচনা | সিলেট-৩ আসনের মাননীয় সংসদ সদস্য এর এপ্রিল/২২ মাসে উপস্থাপনযোগ্য কোন প্রস্তাব/সুপারিশ নেই। | সকল দপ্তর |
| নিয়মিত রাজস্ব ব্যয় | উপজেলা পরিষদের জীপগাড়ীর এপ্রিল/২২ মাসের জ্বালানী বিল বাবদ= =১৮,০৬০/-(আঠার হাজার ষাট) টাকা, জনাব মো: আজাদ মিয়াকে দৈনিক মজুরী বাবদ=৪,০০০/ (চার হাজার) টাকা, উপজেলা পরিষদে মুরাল সংস্কার ব্যয় বাবদ =৬৮৫১৩/-(আটষট্টি হাজার পাঁচশত তের)টাকা, মেসার্স নাহার এন্টার প্রাইজকে সহকারী কমিশনার(ভূমি) এর বাস (রুপালী) ভবনের মেরামত বাবদ =৩,০২,৬১৫/- (তিন লক্ষ দুই হাজার ছয়শত পনের) টাকা, উপজেলা সমাজসেবা অফিসের টয়লেট সংস্কার বাবদ =১১,০০০/- (এগার হাজার) টাকা ব্যয় অনুমোদনের জন্য সভায় উপিস্থাপন করা হয়।<br>**সিদ্ধান্ত** : উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় সভায় অনুমোদন করা হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, বালাগঞ্জ |

| | | |
|---|---|---|
| বিবিধ | (ক) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বালাগঞ্জ এপ্রিল/২০২২ মাসের কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। গর্ভবতী পরিচর্যা সংখ্যা-৫৪৩, প্রসব সেবা সংখ্যা ২৪৫, গর্ভোত্তর পরিচর্যা সংখ্যা [illegible], শিশু স্বাস্থ্য সেবা সংখ্যা-৩১৪৭। মহিলা বন্ধ্যাকরণ -০১, ইমপ্ল্যান্ট- ৭৩ জন।<br>সিদ্ধান্তঃ পরিবার পরিকল্পনা কার্যক্রমকে গতিশীল এবং সচেতনতামূলক প্রচারনা অব্যাহত রাখতে হবে।<br>(খ) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বালাগঞ্জ জানান, ইউনিক আইডি প্রোফাইল ও ডাটাবেজ প্রণয়েনের নিমিত্ত শিক্ষার্থী তথ্যফরম এর কাজ চলছে। সরকারি নির্দেশনা মোতাবেক শ্রেণী কার্যক্রম চলমান রয়েছে।<br>সিদ্ধান্তঃ শিক্ষার মনোন্নয়নে এবং বিভাগীয় কার্যক্রমের ধারবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কে অনুরোধ করা হয়।<br>(গ) উপজেলা শিক্ষা কর্মকর্তা, বালাগঞ্জ জানান, বালাগঞ্জ উপজেলার ৭২ (বাহাত্তর) টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ইউনিক আইডি তৈরী কার্যক্রম চলমান। তিনি আরো জানান, অনেক শিক্ষার্থীর জন্ম নিবন্ধন সনদ না থাকায় উপবৃত্তির টাকা প্রাপ্তি হতে বঞ্চিত হবে মর্মে সভায় অবহিত করেন। শিক্ষার্থীদের জন্ম নিবন্ধন সনদের ব্যাপারে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দের সহযোগীতা কামনা করেন। প্রাথমিক শিক্ষা ও অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে।<br>সিদ্ধান্তঃ শিক্ষার মনোন্নয়ন এবং বিভাগীয় কার্যক্রমের ধারবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা কে অনুরোধ করা হয়।<br>(ঘ) উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বালাগঞ্জ সভায় জানান, বয়স্ক,বিধবা, অসচ্ছল প্রতিবন্ধী, শিক্ষা উপবৃত্তির ২০২১-২০২২ অর্থ বছরের ৪র্থ কিস্তির পে-রোল ইতোমধ্যে- প্রেরণ করা হয়েছে। ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস ০৬ টি জটিল রোগের ৩য় কিস্তির ৪ জন উপকারভোগীর নাম চুড়ান্ত করে ইএফটি এর জন্য জেলায় প্রেরণ করা হয়েছে। তিনি সমাজসেবা বিভাগের সকল কার্যক্রমে ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্টদের সার্বিক সহযোগিতা কামনা করেন।<br>**সিদ্ধান্তঃ** বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হয়।<br>(ঘ) উপ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য),বালাগঞ্জ সভায় জানান, বিভাগীয় কার্যক্রম চলমান আছে। তিনি আরো জানান "হাওর অঞ্চলে টেকসই পানি সরবরাহ স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন " শীর্ষক প্রকল্পের আওতায় ২০২১-২০২২ অর্থবছরের ইম্প্রুভ ল্যাট্রিনের নির্মাণ কাজ এবং পানির উৎস স্থাপনের কাজ চলমান রয়েছে। ২০২১-২০২২ অর্থবছরে হাওর প্রকল্পের (২য় পর্যায়ের) ইউনিয়ন এবং উপজেলা "ওয়াটস্যান" কমিটির সমন্বয়কৃত নলকূপের তালিকা জরুরী ভিত্তিতে অত্র কার্যালয়ে প্রেরণ করার জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানান।<br>সিদ্ধান্তঃ ইউনিয়নওয়ারী নলকূপের তালিকা জরুরী ভিত্তিতে প্রেরণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়।<br>(ঙ) চেয়ারম্যান পূর্ব পৈলনপুর ইউপি সভায় জানান, খসরুপুর জিসি-পৈলনপুর বালাগঞ্জ রাস্তার কাজের কোন অগগ্রতি নেই। খননকৃত বক্স বালি ফিলিং করে দ্রুত মানুষের চলাচলের উপযোগী করার জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন।<br>সিদ্ধান্ত : খসরুপুর জিসি-পৈলনপুর বালাগঞ্জ রাস্তার কাজের সমস্যা দ্রুত সমাধানের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>(চ) চেয়ারম্যান,বালাগঞ্জ ইউপি সভায় জানান, বালাগঞ্জের জলাবদ্ধতা দূর করনের বিষয়ে ড্রেনের ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় সংসদ সদস্য মহোদয় কে ধন্যবাদ জ্ঞাপন করেন। ড্রেনের কাজ দ্রুত সম্পন্নের জন্যে উপজেলা প্রকৌশলীকে অনুরাধ করেন।<br>সিদ্ধান্ত : বালাগঞ্জের জলাবদ্ধতা দূরীকরনে ড্রেণ নির্মাণের দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>(ছ) চেয়ারম্যান পূর্ব গৌরীপুর ইউপি জানান বালাগঞ্জ-ফেঞ্চুগঞ্জ রাস্তার মধুরাই নামক স্থানের রাস্তা ভেঙে বড় বড় গর্তের সৃষ্টি হয়েছে। ঝুঁকিপূর্ণ ভাবে জনসাধারণের চলাচল করতে হচ্ছে । দ্রুত সংস্কারের জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/ উপজেলা পরিবার পরিকল্পনা / উপ সহকারী প্রকৌশলী/ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা/ উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা /সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল)/ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/উপজেলা কৃষি কর্মকর্তা/ উপজেলা সমবায় কর্মকর্তা/ উপজেলা সমাজ সেবা কর্মকর্তা/ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| | সিদ্ধান্ত: বালাগঞ্জ-ফেঞ্চুগঞ্জ রাস্তার সাধুরাই নামক স্থানে রাস্তা সংস্কারের জরুরী পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>(জ) চেয়ারম্যান,উপজেলা পরিষদ সভায় জানান, উপজেলা পরিষদের সাথে সম্পৃক্ত ১৭ টি দপ্তরের কার্যক্রম সম্পর্কে সরকারি নির্দেশনামতে উপজেলা পরিষদকে অবহিত করার সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানকে অনুরোধ করেন।<br>সিদ্ধান্ত : উপজেলা পরিষদের সাথে সম্পৃক্ত ১৭ টি দপ্তরের কার্যক্রম সম্পর্কে উপজেলা পরিষদকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঝ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, বালাগঞ্জ উপজেলা পরিষদে কর্মরত সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর জনাব মোঃ সিরাজুল ইসলাম ও গাড়ী চালক জনাব মোঃ হেলাল আহমদ হৃদয় এর চাকুরিকাল ০৯/০৫/২০২২ খ্রি.তারিখে ১০ (দশ) বছর পূর্ণ হওয়ায় উচ্চতর গ্রেড পাওয়ার জন্য আবেদন করেছেন। এস.আর.ও নং ৩৭০-আইন /জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুচ্ছেদ ৭ (১) অনুযায়ী এবং বাস্তবায়ন অনুবিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ২১-০৯-২০১৬ খ্রি. তারিখের ০৭.০০.০০০০.১৬১. ০০.০০২.১৬ (অংশ-১)-২৩২ নং পরিপত্রের অনুচ্ছেদ (গ) উপ-অনুচ্ছেদ (৩) এর নির্দেশনা মোতাবেক কোন কর্মচারী পদোন্নতি ব্যতিরেকে একই পদে ১০ বছর পূর্তিতে চাকুরীকাল সন্তোষজনক হওয়া সাপেক্ষে স্বয়ংক্রিয়ভাবে ১১তম বছরে পরবর্তী উচ্চতর গ্রেডে বেতনভাতা প্রাপ্য হবেন। সে মোতাবেক উক্ত কর্মচারীদ্বয় ১০/০৫/২০২২ তারিখ হতে উচ্চতর গ্রেড প্রাপ্য। জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী তাদেরকে পরবর্তী উচ্চতর গ্রেড প্রদান পূর্বক সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ১০,২০০-২৪,৬৮০/- টাকার বেতনক্রম ( ১৪তম গ্রেড হতে ১৩ তম গ্রেড) এবং গাড়ী চালক ৯,৩০০-২২,৪৯০/- টাকার বেতনক্রম ( ১৬তম গ্রেড হতে ১৫ তম গ্রেড) উচ্চতর গ্রেড/স্কেল মঞ্জুর করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>সিদ্ধান্তঃ বালাগঞ্জ উপজেলা পরিষদে কর্মরত জনাব মোঃ সিরাজুল ইসলাম,সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপাটের এবং জনাব মোঃ হেলাল আহমদ হৃদয়, গাড়ী চালক এর ০৯/০৫/২০২২ তারিখে ১০ বছর পূর্ণ হওয়ায় এবং চাকুরীকাল সন্তোষজনক বিবেচিত হওয়ায় জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুচ্ছেদ ৭ (১) অনুযায়ী এবং বাস্তবায়ন অনুবিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ২১-০৯-২০১৬ খ্রি. তারিখের ০৭.০০.০০০০.১৬১.০০.০০২.১৬ (অংশ-১)-২৩২ নং পরিপত্রের অনুচ্ছেদ (গ) উপঅনুচ্ছেদ (৩) এর নির্দেশনা মোতাবেক পদোন্নতি ব্যতিরেকে একই পদে ১০ বছর পূর্তিতে ১০.৫.২০২২ তারিখ থেকে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী তাদেরকে পরবর্তী উচ্চতর গ্রেড প্রদানের সর্বসম্মিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঞ) বিবিধঃ উপজেলা পরিষদ কার্যালয়ে ব্যবহৃত কম্পিউটার মেরামত, উপজেলা পনিষেদের সেন্ট্রাল পানির পাম্প মেরামত ও সংস্কার আবাসিক এলাকার পানির সুব্যস্থার নিমিত্ত ০৮(আট) টি পাম্প স্থাপন, উপজেলা পরিষদের অভ্যন্তরে স্ট্রীট লাইট মেরামত ও সংস্কার,আবাসিক এলাকায় ০৭ (সাত) টি বৈদ্যুতিক মিটার স্থাপন, অডিটরিয়ামের সামনের রাস্তায় ড্রেনের উপর স্লাব তৈরী, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে ০১টি কক্ষ এবং অফিসের ০১ টি কক্ষে রং করা এবং উপজেলা পরিষদ অডিটরিয়ামের বৈদ্যুতিক কাজ জরুরী মেরামত ও সংস্কার প্রয়োজন।<br>সিদ্ধান্তঃ বিধি-বিধান প্রতিপালন পূর্বক মেরামত ও সংস্কার কাজ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(ট) উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থাপন করেন যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৫ (গ)তে রাজস্ব তহবিলের অব্যয়িত অর্থ প্রতি অর্থ বছরে ৩০ জুন এর পর উন্নয়ন তহবিলে জমা রাখার বিধান রয়েছে। ২০২০-২০২১ অর্থ বছরের রাজস্ব উদ্বৃত্ত ১৪,৭৯,৮৭২/- টাকা উন্নয়ন তহবিলে স্থানান্তরের অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।<br>সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে ২০২০-২০২১ অর্থ বছরের রাজস্ব উদ্বৃত্ত ১৪,৭৯,৮৭২/- টাকা রাজস্ব তহবিল হতে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে স্থানান্তরের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

**সভাপতির সমাপনী বক্তব্য :** সভাপতি বর্তমান করোনা পরিস্থিতিতে সকলকে স্বাস্থ্যবিধি মেনে অর্পিত দায়িত্ব পালনের আহবান জানান। তিনি উপজেলা কমিটির সভা নিয়মিত আহবান করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের পরামর্শ প্রদান করেন। তিনি বালাগঞ্জ উপজেলার সার্বিক উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে একযোগে কাজ করার জন্য জনপ্রতিনিধি ও কর্মকর্তাদের অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মোস্তাকুর রহমান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বালাগঞ্জ,সিলেট
Email.ucbalaganj@gmail.com

স্মারক নং : ০৫.৪৬.৯১০৮.০০৬.১৬.০৮৬.২১- ২২৭ (৫০) তারিখ : ১৬ মে ২০২২

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে-

০১। মাননীয় সংসদ সদস্য, সিলেট-৩
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
০৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
০৫। জেলা প্রশাসক, সিলেট
০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ , বালাগঞ্জ, সিলেট
০৮। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালাগঞ্জ, সিলেট

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে-

০১। উপজেলা .................................কর্মকর্তা, বালাগঞ্জ, সিলেট
০২। চেয়ারম্যান....................................ইউপি (সকল), বালাগঞ্জ, সিলেট

১৬/০৫/২২
(রোজিনা আক্তার)
উপজেলা নির্বাহী অফিসার
বালাগঞ্জ, সিলেট
টেলিফোন: ০৮২২২-৫৬০০১
Email: unobalaganj@gmail.com

| ক্রমিক | জনপ্রতিনিধিবৃন্দ | ১১/৪/২০২২ | ২৮/৫/২০২২ | ১৬/৬/২০২২ | ২৩/৭/২২ | ১১/০৮/২০২২ | ১১/০৯/২২ |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | জনাব হাবিবুর রহমান মাননীয় সংসদ সদস্য সিলেট-৩ | | | | | | |
| ০২ | জনাব মো: মোস্তাক আহমদ চেয়ারম্যান, উপজেলা পরিষদ | | | | | | |
| ০৩ | জনাব মো: আহমদ [illegible] ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | [signature] | [signature] ২৮/৫/২০২২ | [signature] | [signature] ২৩/৭/২০২২ | [signature] ১১/৮/২০২২ | [signature] |
| ০৪ | জনাবা মোছা: [illegible] মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | Shabu | Shabu ২৮.৫.২০২২ | Shabu ১৬.৬.২২ | Shabu ২৩.৭.২২ | | Shabu ১১.০৯.২২ |
| ০৫ | চেয়ারম্যান পূর্ব পৈলনপুর ইউপি | [signature] ১১/৪/২২ | [signature] ২৮/৫/২২ | [signature] ১৬/৬/২২ | [signature] ২৩/৭/২২ | [signature] ১১/৮/২০২২ | [signature] ১১/০৯/২০২২ |
| ০৬ | চেয়ারম্যান [illegible] ইউপি | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৭ | চেয়ারম্যান [illegible] ইউপি | [signature] | [signature] ২৮/৫/২২ | [signature] ১৬/৬/২২ | [signature] ২৩/৭/২২ | [signature] ১১/৮/২২ | |
| ০৮ | চেয়ারম্যান [illegible] ইউপি | [signature] | [signature] | [signature] 16-06-22 | [signature] | x | [signature] |
| ০৯ | চেয়ারম্যান [illegible] ইউপি | [signature] 11.04.22 | [signature] | [signature] 16.06.22 | [signature] ২৩.০৭.২২ | | |
| ১০ | চেয়ারম্যান পূর্ব [illegible] ইউপি | [signature] ১১/০৪/২২ | [signature] ২৮/০৫/২২ | [signature] ১৬/০৬/২২ | [signature] | [signature] ১১/০৮/২২ | [signature] ১১/০৯/২২ |

| ক্রঃ নং | কর্মকর্তাবৃন্দ | ১১/৪/২০২২ | ১৮/৫/২০২২ | ১৬/৬/২০২২ | ২৯/৭/২০২২ | ১১/০৮/2022 | ১৯/০৯/2022 |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার | | | | | | |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা | [illegible] | | | for mithela | for mithela | [illegible] |
| ০৩ | উপজেলা কৃষি কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৪ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৫ | উপজেলা মৎস্য কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | |
| ০৬ | উপজেলা প্রকৌশলী | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৭ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] 17.9.2022 |
| ০৯ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ১০ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | | [illegible] | |
| ১১ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ১২ | উপজেলা [illegible] কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ১৩ | উপজেলা [illegible] কর্মকর্তা | [illegible] | | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ১৪ | উপজেলা [illegible] কর্মকর্তা | | | | | | |